যুগান্তর

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৮:৫১ এএম

শিক্ষাঙ্গন

# কুবি ভর্তি পরীক্ষায় ‘বি’ ইউনিটে পাশের হার ৪৯.৭১

কুবি প্রতিনিধি

প্রকাশ: ২৭ এপ্রিল ২০২৫, ১০:২৮ পিএম



Grameenphone

আপনজনের খেয়াল রাখুন আলো দিয়ে

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের মানবিক অনুষদভুক্ত ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। সোমবার সকাল থেকে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নিজ নিজ প্রোফাইলে লগইন করে ফলাফল জানতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, ‘বি’ ইউনিটের মোট ২৩ হাজার ৭৯৩ জন পরীক্ষার্থী থাকলেও পরীক্ষায় উপস্থিত ছিলেন ১৬ হাজার ৭৫৮ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৮ হাজার ৩৩২ জন। পাশের হার ৪৯.৭১ শতাংশ।

উত্তীর্ণদের মধ্যে কলা ও মানবিক শাখায় ৬ হাজার ৮৫৬ জন, বিজ্ঞান শাখায় ১ হাজার ৫২ জন এবং বিজনেস স্টাডিজ শাখায় ৪২৪ জন রয়েছে। সর্বোচ্চ প্রাপ্ত নম্বর কলা ও মানবিকে ৮৬.২৫, বিজ্ঞান শাখায় ৭০.২৫ এবং বিজনেস স্টাডিজে ৭২.৫০।

প্রসঙ্গত, গত শুক্রবার কুমিল্লা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ ২১টি কেন্দ্রে ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবারের ভর্তি পরীক্ষায় ৪৪০টি আসনের বিপরীতে ৮ হাজার ৩৩২ জন পরীক্ষার্থী পাশ করেছেন।